দুষ্কর্ম্মণো দ্বিবিধা গতিঃ। জ্ঞানেচ্ছুনামবিশেষেণ। ভক্তীচ্ছূনান্তু অনেন দুর্ব্বাসন-দুঃখদর্শনেন স করুণাময়ঃ করুণাং করোত্বিতি বা, যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী। ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্নাপসর্পতু॥ ইতি বিষ্ণুপুরাণোক্তপ্রকারেণ, যুবতীনাং যথা যূনি যুনাঞ্চ যুবতৌ যথা। মনোঽভিরমতে তদ্বন্মনো মে রমতাং ত্বয়ি॥ ইতি পাদ্মোক্তপ্রকারেণ চ মম সুকর্ম্মণি দুষ্কর্ম্মণি চ যৎ রাগসামান্যং তৎ সর্ব্বতোভাবেন ভগবদ্বিষয়মেব ভবত্বিতি বা সমাধেয়ম্। কামিনাস্তু সর্ব্বথৈব সর্ব্বদুষ্কর্ম্মার্পণম্। বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽর্পিতমীশ্বরে॥ ইত্যত্র পুনর্বৈদিকমেবেশ্বরেঽর্পিতং কুর্ব্বাণ ইত্যুক্তম্॥ ১১। ২॥ শ্রীকবিনিমিম্॥ ২১৭॥

যে ভক্তির লক্ষণ পূর্ব্বে বলা হইয়াছে, সেই ভক্তি আরোপসিদ্ধা, সঙ্গসিদ্ধা ও স্বরূপসিদ্ধা ভেদে তিন প্রকার। তন্মধ্যে স্বরূপতঃ ভক্তিত্ব অর্থাৎ আনুকূল্যে কৃষ্ণানুশীলন ধর্ম্ম না থাকিলেও নিজ উদ্দেশ্য সিদ্ধির জন্য ভগবৎ-সন্তোষার্থে তাঁহাতে অর্পণাদি দ্বারা যাহা ভক্তিত্ব প্রাপ্ত হয়, তাহার নাম আরোপসিদ্ধা ভক্তি অর্থাৎ ভগবানে আরোপ করা হয় বলিয়া ভক্তিত্ব লাভ করে কর্ম্মাদিরূপা। স্বরূপতঃ ভক্তিত্ব অর্থাৎ আনুকুল্যে কৃষ্ণানুশীলন না থাকিয়াও ভক্তি পরিকরপরূপে সংস্থাপন দ্বারা যেটির ভক্তিত্ব সিদ্ধ হয়, তাহার নাম সঙ্গসিদ্ধা। যেমন ১১।৩ অধ্যায়ে- প্রবুদ্ধ যোগীন্দ্রের উপদেশ প্রসঙ্গে "তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্ গুর্ব্বাত্মদৈবত" ইত্যাদি প্রকরেণ সর্ব্বতো-মনসোঽসঙ্গং অর্থাৎ বিশুদ্ধ ভাগবতধর্ম্ম বর্ণন করিতে প্রবৃত্ত হইয়া তাহার সহায়রূপে মধ্যে জ্ঞানকর্ম্মাদিকে ভক্তির অঙ্গরূপে উল্লেখ করিয়াছেন। স্বরূপসিদ্ধা ভক্তির লক্ষণ এই যে, অজ্ঞানাদির দ্বারাও তাহার প্রাদুর্ভাব হইলে ভক্তিত্বে অব্যভিচারিণী সাক্ষাৎ ভগবদ্ আনুকূল্যজীবনা ভগবৎসম্বন্ধি শ্রবণ-কীর্ত্তনাদিরূপা। যেমন ৭।৫ অধ্যায়ে ভক্তচূড়ামণি শ্রীপ্রহ্লাদ মহাশয় বলিয়াছেন—"শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং, অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং" অর্থাৎ বিষ্ণুর শ্রবণ, বিষ্ণুর কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ আদর-বিশেষে বিষ্ণুর পরিচর্য্যা, বিষ্ণুর অর্চ্চন, বিষ্ণুর নমস্কার, বিষ্ণুর দাস্য, বিষ্ণুর সখ্য, বিষ্ণুতে আত্মসমর্পণ—এই নববিধা ভক্তি স্বরূপসিদ্ধা। অর্থাৎ এ স্থানের তাৎপর্য্য এই যে, অব্যবধানে সাক্ষাৎরূপে শ্রীবিষ্ণুর সম্বন্ধে কায়িক, বাচিক, মানস চেষ্টার নাম স্বরূপসিদ্ধা ভক্তি। এই শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তি অঙ্গের সাক্ষাৎ বিষ্ণুর সহিত সম্বন্ধ থাকায় এবং কর্ম্মজ্ঞান প্রভৃতি হইতে এই সকল ক্রিয়ার বৈশিষ্ট্য উল্লেখ করিবার জন্যই সেই শ্রবণ-কীর্ত্তনাদি আরোপসিদ্ধা ভক্তির লক্ষণ হইতে পার্থক্য আছে। যেহেতু আরোপসিদ্ধা-ভক্তিতে সাক্ষাৎ শ্রীভগবানের সহিত কোনও সম্বন্ধ না রাখিয়া অনুষ্ঠিত-